গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[কাস্টমস ও মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ১৯৭-আইন/২০২৬/৫২/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, উক্ত আইনের ধারা ১১, ধারা ১২, ষোড়শ অধ্যায় ও দ্বিতীয় তফসিলের ক্রমিক ৭, ৮, ১১, ১৩, ৩২, ৩৫ ও ৪৫ এর সহিত পঠিতব্য, এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। শিরোনাম ও প্রবর্তন।- (১) এই বিধিমালা এয়ার কার্গো অপারেটর'স স্টেশন (এসিওএস) বিধিমালা, ২০২৬ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ৩০ (ত্রিশ) দিন পর কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,-

(ক) **"অপারেটর"** অর্থ এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি আমদানি বা রপ্তানির উদ্দেশ্যে আকাশ পথে পরিবাহিত বা পরিবাহিতব্য কোনো কার্গো বিমানবন্দরের অভ্যন্তর হইতে অথবা বিমানবন্দরে প্রেরণের উদ্দেশ্যে এই বিধিমালার অধীন সুনির্দিষ্ট বন্ডেড ওয়্যারহাউসে প্রেরণ, ওয়্যারহাউসে গ্রহণ ও বিমানবন্দরে প্রেরণ, সংরক্ষণ, স্টাফিং, আন-স্টাফিং, কনসলিডেটিং, ডি-কনসলিডেটিং, ডেলিভারী ও ডেসপ্যাচ কিংবা অন্যবিধভাবে হ্যান্ডলিং করার নিমিত্ত আইনের ধারা ১৩০ মোতাবেক ওয়্যারহাউস রক্ষক (Custodian) হিসেবে কার্যক্রম পরিচালনার জন্য লাইসেন্সপ্রাপ্ত;

(খ) **"আইন"** অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);

(গ) **"ইলেকট্রনিক কার্গো ট্র্যাকিং সিস্টেম (ECTS)"** অর্থ কার্গো পরিবহণের ক্ষেত্রে গ্লোবাল পজিশনিং সিস্টেম (GPS) বা অন্যবিধ তথ্যপ্রযুক্তিনির্ভর

Downloaded from www.taxvatpoint.com

পদ্ধতির মাধ্যমে পণ্য চালানের বাস্তব সময়ভিত্তিক (Real Time) অবস্থান পর্যবেক্ষণ ও মনিটরিং ব্যবস্থা;

(ঘ) **"এয়ার কার্গো অপারেটর'স স্টেশন (এসিওএস)"** অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে এয়ার কার্গো ওয়্যারহাউস অপারেটর'স স্টেশন হিসেবে লাইসেন্সপ্রাপ্ত স্থাপনা, যাহা ওয়্যারহাউস হিসেবে আইনের ধারা ১১ কিংবা ১২ অনুসারে স্বীকৃত এবং যেইখানে কাস্টমস কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে কোনো নির্দিষ্ট বিমানবন্দরের মাধ্যমে আকাশপথে পরিবাহিত বা পরিবাহিতব্য কার্গোর সংরক্ষণ, স্টাফিং, আন-স্টাফিং, কনসলিডেটিং, ডি-কনসলিডেটিং, ডেলিভারী ও ডেসপ্যাচ কিংবা অন্যবিধভাবে হ্যান্ডলিংসহ আমদানি বা রপ্তানি বা ট্রানজিট বা ট্রানশিপমেন্ট সংক্রান্ত প্রক্রিয়াদি সম্পাদন করা হয়;

(ঙ) **"কার্গো"** অর্থ আকাশপথে পরিবাহিত বা পরিবাহিতব্য কোনো পণ্য, সামগ্রী, পার্সেল বা নথি;

(চ) **"কাস্টমস কম্পিউটার সিস্টেম"** অর্থ আইনের ধারা ২(১৫) এ সংজ্ঞায়িত কাস্টমস কম্পিউটার সিস্টেম;

(ছ) **"কাস্টমস বন্ডেড এরিয়া"** অর্থ আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক ছাড়প্রদান বা নিষ্পত্তির পূর্বে সাধারণ সংরক্ষণের স্থান;

(জ) **"বিমানবন্দর"** অর্থ আইন এর ধারা ২ এর উপধারা (১৭) অনুযায়ী সংজ্ঞায়িত কাস্টমস বিমানবন্দর;

(ঝ) **"বোর্ড"** অর্থ National Board of Revenue Order, 1972 (President's Order No. 76 of 1972) এর অধীন গঠিত National Board of Revenue;

(ঞ) **"সংশ্লিষ্ট কমিশনার"** অর্থ এই বিধিমালার অধীন সংজ্ঞায়িত এসিওএস এর লাইসেন্স প্রদান ও এতদসংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য ক্ষমতাপ্রাপ্ত কমিশনার অব কাস্টমস; এবং

(ট) **"সংশ্লিষ্ট বিমানবন্দর"** অর্থ এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সধারীর জন্য নির্দিষ্টকৃত বিমানবন্দর।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ প্রযোজ্য হইবে।

Downloaded from www.taxvatpoint.com

৩। প্রযোজ্যতা।— নিম্নবর্ণিত ক্ষেত্র ব্যতীত অন্যান্য কার্গোর ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য হইবে, যথা:-

(ক) স্বর্ণ, হীরা, মূল্যবান রত্ন, মূল্যবান ধাতু অথবা তৎকর্তৃক প্রস্তুতকৃত গয়না এবং মুদ্রা;

(খ) উদ্ভিদ ও প্রাণী;

(গ) যেকোনো ধরনের অস্ত্র ও গোলাবারুদ; এবং

(ঘ) বোর্ড কর্তৃক ঘোষিত অন্য কোনো পণ্য।

৪। এসিওএস লাইসেন্স প্রাপ্তির শর্ত।-

(১) সাধারণ শর্তাবলি:

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানকে যথাযথভাবে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর হইতে কোম্পানি হিসেবে নিবন্ধিত হইতে হইবে;

(খ) আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আকাশপথে আমদানি-রপ্তানি পণ্যচালান পরিবহন অথবা ছাড়করণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা অথবা কার্গো হ্যান্ডলিং-এর ক্ষেত্রে অন্তত ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে;

(গ) পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র থাকিতে হইবে;

(ঘ) আবেদনকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন ও হালনাগাদ আয়কর সনদ, ফায়ার লাইসেন্স, অগ্নি ও দুর্যোগ বীমা সনদ দাখিল করিতে হইবে;

(ঙ) প্রস্তাবিত স্থাপনার বিস্তারিত লেআউট প্ল্যান দাখিল করিতে হইবে, যেখানে পণ্য পরীক্ষণ এলাকা, নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) এলাকা, আটক বা জব্দকৃত বা পরিত্যক্ত পণ্যের সংরক্ষণ এলাকা, লোডিং-আনলোডিং এলাকা এবং কাস্টমস অফিসের জন্য নির্দিষ্ট এলাকা চিহ্নিত থাকিবে।

(২) স্থান নির্বাচন ও ধারণক্ষমতা সংক্রান্ত শর্তাবলি:

(ক) এসিওএস স্থাপনের জন্য প্রযোজ্য জমির (মালিকানাধীন/ক্রয়কৃত/ভাড়াকৃত বা লিজকৃত) পরিমাণ ন্যূনতম ১ (এক) একর, ধারণ ক্ষমতা (এককালীন) ১ (এক) হাজার মেট্রিক টন এবং সংশ্লিষ্ট বিমানবন্দর হইতে দূরত্ব ২০ (বিশ) কিলোমিটারের মধ্যে হইতে হইবে;

(খ) রেল, সড়ক, নৌ মাধ্যমগুলির এক বা একাধিক মাধ্যমের সহিত প্রস্তাবিত এসিওএস-এর যোগাযোগ ব্যবস্থা থাকিতে হইবে।

Downloaded from www.taxvatpoint.com

(৩) অবকাঠামো ও লজিস্টিকস সংক্রান্ত শর্তাবলি:

(ক) এসিওএস এর ক্ষেত্রে কার্গো হ্যান্ডলিং ও সংরক্ষণের জন্য প্রযোজ্য স্থান সুনির্দিষ্ট করিতে হইবে এবং কাস্টমস আনুষ্ঠানিকতা সম্পাদনের জন্য প্রয়োজন মোতাবেক যথাযথ অবকাঠামো থাকিতে হইবে;

(খ) পঁচনশীল, নিলামযোগ্য ও ধ্বংসযোগ্য পণ্য সংরক্ষণের জন্য এসিওএস-এ পৃথক ও সুনির্দিষ্টকৃত পর্যাপ্ত স্থান থাকিতে হইবে;

(গ) যথাযথ হিসাবরক্ষণ ও ইনভেন্টরির স্বার্থে বাজেয়াপ্তকৃত, পরিত্যক্ত ও অতিরিক্ত মেয়াদে অবস্থানকারী পণ্যের সংরক্ষণ/ব্যবস্থাপনার জন্য এসিওএস-এ বিশেষ এবং সুরক্ষিত স্থান নির্ধারিত থাকিতে হইবে;

(ঘ) কাস্টমস কর্তৃপক্ষের জন্য সম্পূর্ণ বিনামূল্যে পৃথক, সুসজ্জিত ও আধুনিক অফিস স্পেস, মিটিং ও কনফারেন্স রুম, অফিস সরঞ্জাম ও স্টেশনারি, ইমেজ মনিটরিং সেন্টার, কম্পিউটার, ইন্টারনেট, টেলিফোন, প্রিন্টার, স্ক্যানার, ওয়াকিটকি, নেটওয়ার্কিং ও রেডিও যোগাযোগ ব্যবস্থা, রেকর্ড সংরক্ষণের জন্য সুরক্ষিত স্থান, শিফটে কর্মরতদের বিশ্রামাগার, পরিবহণ সুবিধা এবং সংশ্লিষ্ট কমিশনার এর বিবেচনায় প্রয়োজনীয় অন্যান্য সুবিধাসমূহ নিশ্চিত করিতে হইবে;

(ঙ) এসিওএস তাদের কার্যক্রম পরিচালনার জন্য পর্যাপ্ত সংখ্যক নিজস্ব লোকবল এবং কর্মী নিয়োগ প্রদান করিবে;

(চ) যানবাহনের সুষ্ঠু চলাচল বিবেচনায় রাখিয়া প্রয়োজনীয় সংখ্যক পৃথক প্রবেশ ও প্রস্থান গেইট স্থাপন করিতে হইবে;

(ছ) অপেক্ষমান যানবাহন পার্কিং এর জন্য পর্যাপ্ত পরিসরে পার্কিং সুবিধা থাকিতে হইবে;

(জ) কার্গো হ্যান্ডলিং দক্ষতার সাথে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্গো হ্যান্ডলিং ইক্যুইপমেন্টস থাকিতে হইবে;

(ঝ) এসিওএস এর সমগ্র এলাকা সিসিটিভি নেটওয়ার্ক এর আওতায় থাকিতে হইবে এবং উহাতে কাস্টমস কর্তৃপক্ষকে প্রবেশাধিকার (Access) প্রদান করিতে হইবে, যাহাতে কাস্টমস কর্তৃপক্ষ যাবতীয় কার্যক্রম যথাযথভাবে পর্যবেক্ষণ করিতে পারেন;

(ঞ) এসিওএস এর ইয়ার্ড বা ফ্লোর এর উচ্চতা অতিবর্ষণজনিত জলবদ্ধতামুক্ত হইতে হইবে এবং আধুনিক ড্রেনেজ সিস্টেমের ব্যবস্থা থাকিতে হইবে;

(ট) পানি ও বিদ্যুতের সার্বক্ষণিক ব্যবস্থা থাকিতে হইবে;

(ঠ) এসিওএস পরিচালনার ক্ষেত্রে প্রতিষ্ঠানের নিজস্ব ওয়্যারহাউস ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার থাকিতে হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে

Downloaded from www.taxvatpoint.com

উহা কাস্টমস কম্পিউটার সিস্টেমের সহিত সংযোগ প্রদানের মাধ্যমে তথ্য-আদান প্রদানে সক্ষম হইতে হইবে;

(ড) এসিওএস এর ফি, ট্যারিফ ও চার্জ পরিশোধের জন্য ইলেকট্রনিক পেমেন্ট ব্যবস্থা থাকিতে হইবে;

(ঢ) প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সহজে চলাচলের ব্যবস্থা থাকিতে হইবে;

(ণ) নারী-বান্ধব কর্মপরিবেশ নিশ্চিত করিতে হইবে;

(ত) নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) স্ক্যানার ও সরঞ্জামাদি ইনস্টলেশন সুবিধা থাকিতে হইবে;

(থ) দেশীয় ও আন্তর্জাতিক মান অনুসরণ করে তাপমাত্রা-সংবেদনশীল পণ্যের সুসংরক্ষণ ব্যবস্থা থাকিতে হইবে;

(দ) বিমানবন্দর হইতে পণ্যচালান ওয়্যারহাউসে পরিবহনের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম ৪ (চার) টি আইপি ক্যামেরা সংবলিত গাড়ি/কাভার্ড ভ্যান থাকিতে হইবে এবং এইরূপ পরিবহন বীমা সুবিধার আওতায় থাকিতে হইবে।

(৪) নিরাপত্তা সংক্রান্ত শর্তাবলি:

(ক) এসিওএস এর চৌহদ্দি নিরবচ্ছিন্ন যথোপযুক্ত সীমানা প্রাচীর দ্বারা পরিবেষ্টিত হইতে হইবে;

(খ) অননুমোদিত প্রবেশ রোধে যথাযথ অ্যাক্সেস কন্ট্রোল এবং ডিজিটাল প্রবেশ রেকর্ড সংরক্ষণের ব্যবস্থা থাকিতে হইবে;

(গ) আইটি-ইনফ্রাস্ট্রাকচার, তথ্যপ্রযুক্তি ব্যবস্থা এবং সংশ্লিষ্ট সকল সফটওয়্যারের অবকাঠামোগত ও সাইবার নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে;

(ঘ) দুর্ঘটনা ও প্রাকৃতিক দুর্যোগের বিষয় বিবেচনায় সুরক্ষিত ডাটা ব্যাকআপ ও রিকভারি ব্যবস্থা তৈরি করা এবং কাস্টমস কর্তৃপক্ষের নিকট সেসবের অ্যাক্সেস প্রদান করিতে হইবে;

(ঙ) এসিওএস কর্তৃপক্ষ কর্তৃক তাহার নিজস্ব অথবা স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনপ্রাপ্ত বেসরকারি নিরাপত্তা প্রতিষ্ঠানের মাধ্যমে নিরাপত্তা বাহিনী নিয়োগ করিতে হইবে;

(চ) উচ্চ ঝুঁকি সম্পন্ন পণ্য সংরক্ষণের ক্ষেত্রে পৃথকভাবে এলাকা নির্ধারণ করিয়া উহাতে প্রয়োজনীয় অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে ও IMDG CODE listed Dangerous Goods রাখার জন্য ২০ ফুট উচ্চতা ২০ ইঞ্চি পুরো দেয়াল ও ন্যূনতম ২টি ফয়ার ডোর

Downloaded from www.taxvatpoint.com

ও ১৫ ফুট উপরে পর্যাপ্ত বাতাস চলাচলের ব্যবস্থাসহ ন্যূনতম ২০০০ বর্গফুট স্থান থাকিতে হইবে;

(ছ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক অনুমোদিত শর্ত অনুযায়ী অগ্নি নির্বাপনের প্রয়োজনীয় সুবিধাদি থাকিতে হইবে এবং নিয়মিতভাবে ফায়ার ড্রিল আয়োজন করিতে হইবে;

(জ) প্রাথমিক চিকিৎসা ব্যবস্থাসহ সার্বক্ষণিক অ্যাম্বুলেন্স সুবিধা থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, নিজস্ব অ্যাম্বুলেন্স ব্যবস্থা না থাকিলে জরুরি প্রয়োজনে তাহা সহজলভ্য করার লক্ষ্যে স্থানীয় ক্লিনিক বা হাসপাতালের সহিত চুক্তি থাকিতে হইবে;

(ঝ) প্রয়োজনীয় স্থায়ী কর্মী নিয়োগ প্রদান করিতে হইবে এবং উহাদের ক্ষেত্রে বাংলাদেশের শ্রম আইন পরিপালন করিতে হইবে।

(৫) নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) ডিভাইসসমূহ স্থাপন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত শর্তাবলি:

(ক) এসিওএসকে সংশ্লিষ্ট কমিশনারের সন্তুষ্টি মোতাবেক নন-ইনট্রুসিভ ইন্সপেকশন কর্মকাণ্ডের জন্য নির্ধারিত এলাকা সংরক্ষণ, এ সংক্রান্ত সরঞ্জামাদি-ডিভাইস স্থাপন ও রক্ষণাবেক্ষণ করিতে হইবে;

(খ) এসিওএসকে সংশ্লিষ্ট কমিশনারের সাথে পরামর্শক্রমে কাস্টমস কর্মকর্তাগণকে নন-ইনট্রুসিভ ইন্সপেকশন সরঞ্জামাদি-ডিভাইস পরিচালনা, পর্যালোচনা ও Image Analysis সংক্রান্ত প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করিতে হইবে;

(গ) এসিওএসকে নন-ইনট্রুসিভ ইন্সপেকশন সরঞ্জামাদি-ডিভাইস ২৪/৭ সচল বা ব্যবহার উপযোগী রাখা এবং উক্ত কাজে পর্যাপ্ত জনবল নিয়োজিত করিতে হইবে;

(ঘ) এসিওএস কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কমিশনারের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো নন-ইনট্রুসিভ ইন্সপেকশন সরঞ্জামাদি-ডিভাইস স্থাপন, অপসারণ বা বাতিল বা অন্যকোনোভাবে ব্যবস্থিত করিতে পারিবে না;

(৬) রিস্ক বন্ড, গ্যারান্টি ইত্যাদি সংক্রান্ত শর্তাবলি:

(ক) এসিওএস লাইসেন্স প্রাপ্তির জন্য বোর্ড কর্তৃক প্রাথমিক অনুমতি প্রাপ্তির পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত হারে লাইসেন্স ফি (অফেরতযোগ্য) এবং সিকিউরিটি ডিপোজিট (নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি) দাখিল করিতে হইবে:

লাইসেন্স ফি (অফেরতযোগ্য)	সিকিউরিটি ডিপোজিট (নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি)
৫ (পাঁচ) লক্ষ টাকা	২০ (বিশ) লক্ষ টাকা

Downloaded from www.taxvatpoint.com

(খ) লাইসেন্সের জন্য বিবেচিত হইলে প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদানের পূর্বেই নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ২০ (বিশ) কোটি টাকার সাধারণ বন্ড (রিস্ক ও ডিউটি বন্ডসহ) দাখিল করিতে হইবে যাহার মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর;

(গ) এসিওএস কর্তৃক কমিশনার অব কাস্টমস এর বরাবর তফসিলি ব্যাংক হইতে ইস্যুকৃত ৫ (পাঁচ) কোটি টাকা মূল্যমানের নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি দাখিল করিতে হইবে যাহাতে পণ্যের ক্ষয়ক্ষতি হইলে বা হারানো গেলে অথবা সরকারি সম্পদ, স্থাপনা, যানবাহন ও অবকাঠামো বিনষ্ট হইলে যথাযথ ক্ষতিপূরণ বা প্রযোজ্য শুল্ক-করাদি আদায় এবং আইন ও বিধি মোতাবেক পরিপালন (Compliance) নিশ্চিত করা যায়:

তবে শর্ত থাকে যে, আইনের ধারা ৯৭ অনুযায়ী Authorized Economic Operator (AEO) মর্যাদাভুক্ত প্রতিষ্ঠান হইলে ৩ (তিন) কোটি টাকা মূল্যের নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি যথাযথ বলিয়া গৃহীত হইবে;

(ঘ) দফা (ক)-এ উল্লিখিত সিকিউরিটি ডিপোজিট এবং দফা (গ)-এ উল্লিখিত গ্যারান্টি, প্রযোজ্য ক্ষেত্রে, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সাথে চুক্তির মেয়াদান্তে লাইসেন্স সমর্পন করিলে, বা অন্য কোনো স্বাভাবিক ব্যবসায়িক কারণে সমর্পন করিলে, কমিশনার কর্তৃক অবমুক্ত করা হইবে:

তবে শর্ত থাকে যে, এই বিধিমালার বিধান ভঙ্গ করিবার কারণে কমিশনার কর্তৃক চূড়ান্তভাবে লাইসেন্স বাতিল করিলে প্রদত্ত সিকিউরিটি ডিপোজিট ও ব্যাংক গ্যারান্টি সরকারের অনুকূলে নগদায়নযোগ্য হইবে এবং এইরূপ নগদায়ন কমিশনারকে এই আইনের অধীন অন্য কোনো দন্ড আরোপের ক্ষেত্রে বারিত করিবে না।

৫। কাস্টমস তদারকির উদ্দেশ্যে অধিক্ষেত্র নির্ধারণ।- এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কাস্টমস তদারকির লক্ষ্যে নিম্নবর্ণিত ছকের কলাম (২) এ উল্লিখিত ভৌগলিক এলাকার জন্য কলাম (৩) এ উল্লিখিত কমিশনার দায়িত্বপ্রাপ্ত হইবেন, যথা:-

ক্রমিক	ভৌগোলিক এলাকা	কমিশনার অব কাস্টমস
(১)	(২)	(৩)
১।	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকার মাধ্যমে আমদানি বা রপ্তানি বা ট্রানজিটকৃত পণ্যের কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে স্থাপিত এসিওএস	কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা

Downloaded from www.taxvatpoint.com

২।	হযরত শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রামের মাধ্যমে আমদানি বা রপ্তানি বা ট্রানজিটকৃত পণ্যের কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে স্থাপিত কোনো এসিওএস	কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস (আইসিডি), চট্টগ্রাম
৩।	ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেটের মাধ্যমে আমদানি বা রপ্তানি বা ট্রানজিটকৃত পণ্যের কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে স্থাপিত এসিওএস	কমিশনার অব কাস্টমস কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট

৬। লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আবেদন ও অনুমোদন পদ্ধতি।- (১) এই বিধিমালার অধীন এসিওএস এর লাইসেন্স প্রাপ্তির জন্য বিধি ৫ মোতাবেক দায়িত্বপ্রাপ্ত কমিশনার বরাবর **পরিশিষ্ট-খ** এ উল্লিখিত প্রয়োজনীয় দলিল/প্রমাণকসহ **পরিশিষ্ট-ক** মোতাবেক নির্ধারিত ছকে আবেদন করিতে হইবে।

(২) লাইসেন্সের আবেদন প্রাপ্তির পর দাখিলকৃত দলিলাদি যাচাইঅন্তে উহা যথাযথ বিবেচিত হইলে কমিশনারের নির্দেশক্রমে, প্রস্তাবিত স্থানটি **পরিশিষ্ট-গ** মোতাবেক গঠিত কমিটি সরেজমিন পরিদর্শন করিবে এবং সন্তোষজনক বিবেচিত হইলে আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন বোর্ডে প্রেরণ করিবে।

(৩) সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক প্রেরিত প্রতিবেদন পর্যালোচনা করতঃ সন্তোষজনক বিবেচিত হইলে জাতীয় রাজস্ব বোর্ড প্রস্তাবিত স্থানটিকে কাস্টমস বন্ডেড এরিয়া হিসেবে ঘোষণা করিবে এবং বন্ডেড ওয়্যারহাউস স্থাপনের প্রাথমিক সম্মতি/অনুমোদন প্রদান করিবে; প্রতিবেদন সন্তোষজনক না হইলে বোর্ড অসম্মতি জ্ঞাপন করিয়া আবেদন প্রত্যাখানের জন্য সংশ্লিষ্ট কমিশনারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে এবং উহার অনুলিপি আবেদনকারীকেও প্রদান করিবে।

(৪) বোর্ডের প্রাথমিক সম্মতি/অনুমোদনের পর সংশ্লিষ্ট কমিশনার আবেদনকারী বরাবর বন্ড লাইসেন্স ইস্যু করিবেন, লাইসেন্সের শর্ত ও সীমা নির্ধারণ করিবেন এবং এই বিধিমালার শর্ত অনুযায়ী এসিওএস এর অবকাঠামো নির্মাণ ও কার্গো হ্যান্ডলিং সংক্রান্ত প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপনের অনুমতি প্রদান করিবেন।

(৫) এসিওএস-এর অবকাঠামো নির্মাণ এবং কার্গো হ্যান্ডলিং সংক্রান্ত প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপন সম্পন্ন হইলে আবেদনকারী এই বিধিমালার আওতায় চূড়ান্তভাবে লাইসেন্স ইস্যুর জন্য সংশ্লিষ্ট কমিশনার বরাবর প্রয়োজনীয় দলিল/প্রমাণকসহ আবেদন দাখিল করিবেন। এইরূপ আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে **পরিশিষ্ট-গ** মোতাবেক গঠিত কমিটি দাখিলকৃত দলিলাদি যাচাই-বাছাইপূর্বক স্থানটি পরিদর্শন করিয়া এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনা করিয়া কমিশনারের নিকট মতামত ও সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন পেশ করিবে। কমিশনার উক্ত প্রতিবেদন প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দাখিলকৃত

Downloaded from www.taxvatpoint.com

প্রতিবেদনের আলোকে তাহার নিজস্ব মতামত ও সুপারিশসহ একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করিবে, যাহা পর্যালোচনাপূর্বক বোর্ড এসিওএস স্থাপনের চূড়ান্ত সম্মতি/অনুমোদন প্রদান করিবে; অথবা অসম্মতি জ্ঞাপন করিয়া আবেদন প্রত্যাখানের জন্য সংশ্লিষ্ট কমিশনারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে এবং উহার অনুলিপি আবেদনকারীকেও প্রদান করিবে।

(৬) বোর্ড কর্তৃক চূড়ান্ত সম্মতি/অনুমোদনের পর সংশ্লিষ্ট কমিশনার প্রতিষ্ঠানটির অনুকূলে ৩ (তিন) বৎসরের জন্য এসিওএস এর চূড়ান্ত লাইসেন্স প্রদান করিবেন।

৭। শিথিলকরণ ও নিয়ন্ত্রণের ক্ষমতা।- (১) যদি বোর্ড এই মর্মে সন্তুষ্ট হয় যে, এসিওএস বাস্তবতার নিরীখে কোনো যৌক্তিক কারণে বিধি ৪ এর কোনো শর্ত সাময়িকভাবে পূরণ করিতে অপারগ, এসিওএস আবেদনকারী প্রতিষ্ঠানের লিখিত আবেদন এবং সংশ্লিষ্ট কমিশনারের সুপারিশের ভিত্তিতে বিধি ৪ এর যেকোনো শর্ত নির্ধারিত সময়ের জন্য কারণ উল্লেখপূর্বক শিথিল করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী বোর্ড আবেদন প্রাপ্তির পর উহা পর্যালোচনাপূর্বক শিথিলকরণের সিদ্ধান্ত গ্রহণ করিলে উক্তরূপ শিথিলকরণের শর্তসমূহ সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক এসিওএস আবেদনকারী প্রতিষ্ঠানকে সাময়িকভাবে নির্ধারিত সময়ের জন্য কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান করিতে পারিবে; সেইক্ষেত্রে পরবর্তী ন্যূনতম ১ (এক) বছর সফলভাবে পরিচালনার পরিপ্রেক্ষিতে এবং এই বিধিমালার অন্যান্য শর্তাবলি পূরণ সাপেক্ষে পূর্ণাঙ্গরূপে কার্যক্রম পরিচালনার চূড়ান্ত অনুমতি প্রদান করা যাইবে।

(৩) সংশ্লিষ্ট কমিশনার, প্রয়োজনে নিজ বিবেচনায় কাস্টমস বন্ডেড এরিয়ায় পণ্য প্রবেশ ও প্রস্থান নিয়ন্ত্রণ বিষয়ে নির্দেশ দিতে পারিবেন।

৮। লাইসেন্সের মেয়াদ ও নবায়ন।- (১) লাইসেন্সের মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর এবং প্রতি ৩ (তিন) বৎসর পর পর লাইসেন্স নবায়ন ফি বাবদ ৫ (পাঁচ) লক্ষ টাকা পরিশোধ করিয়া লাইসেন্স নবায়ন করিতে হইবে।

(২) লাইসেন্সের মেয়াদ শেষ হইবার ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে লাইসেন্সধারীকে লাইসেন্স নবায়নের জন্য প্রয়োজনীয় দলিলাদিসহ লাইসেন্স ইস্যুকারী কর্তৃপক্ষ বরাবর **পরিশিষ্ট-ক** মোতাবেক আবেদন করিতে হইবে।

(৩) সংশ্লিষ্ট কমিশনার লাইসেন্স নবায়নের আবেদন প্রাপ্তির পর উপযুক্ত কর্মকর্তার মাধ্যমে দলিলাদি যাচাইপূর্বক উহা যথাযথ হওয়া সাপেক্ষে এবং এসিওএস-এর সামগ্রিক কার্যক্রম সন্তোষজনক হইলে এবং প্রয়োজনীয় বিধি-বিধান অনুসরণে কোনো ধরণের ব্যত্যয় না থাকিলে কমিশনার পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য লাইসেন্স নবায়ন করিবেন:

তবে শর্ত থাকে যে, আইনের ধারা ৯৭ অনুযায়ী Authorized Economic Operator (AEO) মর্যাদাভুক্ত প্রতিষ্ঠান হইলে নবায়নের মেয়াদ হইবে ৫ (পাঁচ) বছর।

Downloaded from www.taxvatpoint.com

(৪) লাইসেন্স নবায়ন করিবার সিদ্ধান্ত গৃহীত হইলে লাইসেন্সধারী কর্তৃক প্রযোজ্য সিকিউরিটি ডিপোজিট ও সাধারণ বন্ড (রিস্ক ও ডিউটি বন্ডসহ) হালনাগাদ করিয়া পুনরায় দাখিল করিতে হইবে।

৯। লাইসেন্সের অনুলিপি প্রদান।— লাইসেন্স হারাইয়া গেলে বা যে কোনো প্রকারে নষ্ট হইয়া গেলে সংশ্লিষ্ট লাইসেন্সধারী ২০ (বিশ) হাজার টাকার এ-চালান লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ বরাবর দাখিলপূর্বক লিখিত আবেদন করিলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্সের একটি অবিকল নকল প্রদান করিবেন।

১০। এসিওএস এর দায়িত্বসমূহ।- এসিওএসকে নিম্নবর্ণিত দায়িত্বসমূহ পালন করিতে হইবে, যথা:-

(১) বিধি ৪ এ বর্ণিত সকল শর্ত পরিপালন নিশ্চিত করিতে হইবে;

(২) বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের সকল শর্ত পরিপালন নিশ্চিত করিতে হইবে;

(৩) কাস্টমস বিমানবন্দর এলাকা হইতে এসিওএস বন্ডেড ওয়্যারহাউসে ECTS (Electronic Cargo Tracking System) এর আওতায় অথবা ECTS এর অবর্তমানে সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক এস্কর্ট হিসেবে নিয়োগকৃত যথাযথ কাস্টমস কর্মকর্তার উপস্থিতিতে সকল কার্গো, প্যাকেজ ও কনসাইনমেন্ট সিলযুক্ত এবং সিল অক্ষত/অভঙ্গ অবস্থায় স্থানান্তরের ব্যবস্থা নিশ্চিত করিতে হইবে এবং এইরূপ স্থানান্তরের ক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে;

(৪) ওয়্যারহাউসে সংরক্ষিত সকল কার্গোর ইলেকট্রনিক রেকর্ড সংরক্ষণ এবং কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক চাহিবামাত্র তাহা উপস্থাপন নিশ্চিত করিতে হইবে;

(৫) কার্গো গমনাগমন সংক্রান্ত যে কোনো কর্মকান্ডের রেকর্ড সংরক্ষণ করিতে হইবে;

(৬) ওয়্যারহাউসে সংরক্ষিত সকল কার্গোর ইলেকট্রনিক রেকর্ড, কার্গোর আগমন ও রিলিজ সংক্রান্ত রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে যাহা নিয়মিত হালনাগাদ করা করিতে হইবে এবং কাস্টমস কর্তৃপক্ষের চাহিদামত উপস্থাপন করিতে হইবে;

(৭) বলবৎ আইন ও বিধির পরিপালন ব্যতিরেকে অথবা কাস্টমস কর্তৃপক্ষের রাজস্ব কর্মকর্তা বা তদূর্ধ্ব কর্মকর্তা কর্তৃক যথাযথ অনুমোদন ব্যতীত কাস্টমস বন্ডেড এলাকা হইতে পণ্য অপসারণ করা যাইবে না;

(৮) পণ্য ঘোষণা ও অন্যান্য দলিলাদি ব্যতিরেকে কোনো রপ্তানি পণ্যচালান ওয়্যারহাউসে প্রবেশ করানো যাইবে না;

(৯) কোনো পণ্যচালান কাস্টমস কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কোনো এসিওএস এর নিকট আংশিক বা সম্পূর্ণরূপে হস্তান্তর করা যাইবে না;

Downloaded from www.taxvatpoint.com

(১০) চোরাচালান বা শুল্ক ও কর ফাঁকি বা আমদানি-রপ্তানির ক্ষেত্রে পরিপালনযোগ্য কোনো বাধ্যবাধকতার ব্যত্যয় পরিলক্ষিত হইলে সঙ্গে সঙ্গে উহার তথ্য যথাযথ কাস্টমস কর্মকর্তাকে অবহিত করিতে হইবে;

(১১) অপারেটর তাহার ওয়্যারহাউসে প্রবেশকৃত সকল পণ্যচালানের সুরক্ষা ও নিরাপত্তার জন্য জিম্মাদার হইবেন;

(১২) অপারেটর তাহার ওয়্যারহাউসে/বন্ডেড এলাকায় প্রবেশকৃত সকল পণ্যচালানের শুল্ক করাদি এবং পণ্যের ক্ষতিপূরণ বা হারানোর জন্য দায়বদ্ধ হইবেন;

(১৩) অপারেটর তাহার ওয়্যারহাউসে/বন্ডেড এলাকায় প্রবেশকৃত সকল পণ্যচালানের এক কাস্টমস স্টেশন হইতে অন্য কাস্টমস হাউস/ওয়্যারহাউস/স্টেশনে স্থানান্তরের ক্ষেত্রে শুল্ক করাদি এবং পণ্যের ক্ষতিপূরণ বা হারানোর জন্য দায়বদ্ধ হইবেন;

(১৪) কাস্টমস কর্তৃক আটককৃত ও বাজেয়াপ্তকৃত পণ্যের উপর সংশ্লিষ্ট কমিশনারের অনুমতি ব্যতিরেকে অপারেটর কোনো ভাড়া বা মাশুল আরোপ করিতে পারিবেন না;

(১৫) সংশ্লিষ্ট কমিশনারের অনুমতি ব্যতিরেকে ওয়্যারহাউসে প্রবেশ ও বহির্গমন গেইট এবং সীমানা প্রাচীর এর কাঠামোর কোনোরূপ পরিবর্তন করা যাইবে না;

(১৬) উপযুক্ত কাস্টমস কর্মকর্তার চাহিদা মোতাবেক ঝুঁকিপূর্ণ কার্গো ও পণ্যের ক্ষেত্রে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;

(১৭) সংশ্লিষ্ট কমিশনারের নিকট সন্তোষজনক সংখ্যক কাস্টমস কর্মকর্তা-কর্মচারীগণকে নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) ডিভাইসসমূহ ও প্রযুক্তি এর স্থাপন, ব্যবহার, রক্ষণাবেক্ষণ ইত্যাদি বিষয়ে যথাযথ প্রশিক্ষণ প্রদান ব্যতিরেকে নন-ইনট্রুসিভ ইন্সপেকশন (NII) ডিভাইসসমূহ ও প্রযুক্তি স্থাপন বিষয়ক কোনো কার্যক্রম গ্রহণ করা যাইবে না;

(১৮) অংশীজন ও ব্যবহারকারীদের নিরবচ্ছিন্ন সেবা প্রদানের নিমিত্ত সপ্তাহের প্রতিদিন (২৪/৭) কাস্টমার সেবা কেন্দ্র চালু রাখিতে হইবে;

(১৯) তথ্যপ্রযুক্তিভিত্তিক ইনভেন্টরি ব্যবস্থাপনা সিস্টেম চালু করিতে হইবে, যাহার আওতায় ওয়্যারহাউসে মজুদকৃত, পরিত্যক্ত, নির্ধারিত মেয়াদে অখালাসকৃত এবং বাজেয়াপ্তকৃত পণ্য হিসাবরক্ষণ ব্যবস্থাপনা নিশ্চিত করিতে হইবে; উক্ত সিস্টেম কার্গো চলাচলের রিয়েল টাইম অবস্থান সনাক্ত করিতে সক্ষম হইতে হইবে এবং একইসাথে সিস্টেম ব্যবহারকারী অংশীজনদের ECTS বা তদ্রুপ কোনো মোবাইল অ্যাপস এর মাধ্যমে নিজ নিজ এখতিয়ার অনুসারে কার্গো স্ট্যাটাস যাচাই করিবার সুযোগ প্রদান করিতে হইবে;

(২০) নিজস্ব আধুনিক One Stop Service Centre (OSS) বা On-Line Release System (OLRS) স্থাপন করিতে হইবে যাহা প্রযোজ্য ক্ষেত্রে

Downloaded from www.taxvatpoint.com

কাস্টমস কম্পিউটার সিস্টেম বা Asycuda World এর সাথে ইলেক্ট্রনিক ডাটা ট্রান্সফার ও আন্তঃসংযোগের নিমিত্ত সংযুক্ত হইবে;

(২১) নিরাপত্তা ও সুরক্ষার আন্তর্জাতিক মান বজায় রাখিয়া কাস্টমস কর্মকর্তা-কর্মচারীগণকে প্রাঙ্গনের সর্বত্র নিরঙ্কুশ প্রবেশাধিকার প্রদান করিতে হইবে;

(২২) এসিওএস লাইসেন্সধারীকে সংশ্লিষ্ট কমিশনারের নির্দেশনা অনুযায়ী কাস্টমস কর্মকর্তাদের Merchant Overtime (MOT) প্রদান করিতে হইবে;

(২৩) কাস্টমস কর্তৃপক্ষ লিখিতভাবে চাইলে ৫ (পাঁচ) দিনের মধ্যে সকল নথি, তথ্যপ্রযুক্তি/ সফটওয়্যার এর এক্সেস বিবৃতি, এফিডেভিট প্রদান করিতে হইবে;

(২৪) এসিওএস-এ সিসিটিভি ক্যামেরা ফুটেজ অন্তত ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত সংরক্ষণ করিবার ব্যবস্থা থাকিতে হইবে এবং উপযুক্ত কাস্টমস কর্মকর্তার চাহিদা মোতাবেক যে কোনো ফুটেজ সরবরাহ করিতে হইবে।

১১। তদারকি ও পর্যবেক্ষণ।- (১) এসিওএস এর কার্যক্রম সার্বিক তদারকির লক্ষ্যে কমিশনার কর্তৃক নিয়োজিত সংশ্লিষ্ট অতিরিক্ত/যুগ্ম কমিশনার বা প্রযোজ্য ক্ষেত্রে অন্য যে কোনো কর্মকর্তা আইন ও বিধির যথাযথ প্রয়োগের বিষয়ে দায়িত্ব পালন করিবেন এবং অপারেটরের এই বিধিমালার অধীন যেকোনো দায়িত্ব ও শর্ত পরিপালন বা বিচ্যুতির ক্ষেত্রে আইনগত ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট কমিশনারকে অবহিত করিবেন।

(২) এসিওএস এর দক্ষতা মূল্যায়নের নিমিত্ত বোর্ড একটি ইলেকট্রনিক কমপ্লায়েন্স রেটিং সিস্টেম (CRS) প্রতিষ্ঠা করিবে।

১২। বীমা।- এসিওএস কর্তৃপক্ষকে এসিওএস এর অগ্নি ও দূর্যোগ বীমা নিশ্চিত করিতে হইবে।

১৩। ওয়্যারহাউসে কার্গো সংরক্ষণের মেয়াদ।- (১) যদি বিমানবন্দরে পণ্য নামাইবার তারিখ হইতে ২১ (একুশ) দিনের মধ্যে এসিওএস হইতে কার্গো খালাস করা না হয়, তবে সেই ক্ষেত্রে আইনের বিধান অনুযায়ী নিলাম ও অন্যান্য আইনি কার্যক্রম গ্রহণ করা হইবে।

(২) দৈব-দুর্বিপাক বা ব্যতিক্রমী পরিস্থিতিতে সংশ্লিষ্ট কমিশনার এর লিখিত অনুরোধক্রমে, বোর্ড উপযুক্ত সময় পর্যন্ত ওয়্যারহাউসে কার্গো সংরক্ষণের মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে।

১৪। এসিওএস এর কার্যক্রমের অডিট ও মূল্যায়ন।- (১) সংশ্লিষ্ট কমিশনার প্রতিটি এসিওএস এর কার্যক্রম বিদ্যমান বিধি-বিধানের আলোকে প্রতি বৎসর অডিট করিবেন এবং বন্ড লাইসেন্স নবায়নের সময় অডিট রিপোর্ট জমা প্রদান বাধ্যতামূলক হইবে।

(২) **পরিশিষ্ট-ঘ** মোতাবেক মূল্যায়ন কমিটিকে বার্ষিক ভিত্তিতে মূল্যায়ন করিয়া প্রতিবেদন প্রতি বৎসর ৩০ জানুয়ারির মধ্যে সংশ্লিষ্ট কমিশনার বরাবর জমা করিতে হইবে।

(৩) অডিট ও মূল্যায়নে নিম্নোক্ত বিষয় বিবেচনা করা হইবে, যথা:-

Downloaded from www.taxvatpoint.com

(ক) এসিওএস এর কার্যকারিতা ও সক্ষমতা, অবকাঠামো ও যন্ত্রপাতির মান, জনবল ও প্রশিক্ষণ সক্ষমতা;

(খ) আইসিটি (ICT) অবকাঠামো, সাইবার নিরাপত্তা;

(গ) কার্গো হ্যান্ডলিংয়ে গড় ক্লিয়ারেন্স সময়;

(ঘ) কার্গো ক্লিয়ারেন্স এর পরিমাণ;

(ঙ) কর্মীদের মতামত;

(চ) আন্তর্জাতিক মান অনুযায়ী স্বীকৃতি ও সার্টিফিকেশন;

(ছ) রাজস্ব আদায় ও শুল্ক-কর পরিশোধ;

(জ) শুল্ক-কর ফাঁকি সংক্রান্ত মামলা, জব্দ/অনিয়ম ইত্যাদি সংক্রান্ত কমপ্লায়েন্স রেকর্ড;

(ঝ) নিলামযোগ্য ও পঁচনশীল পণ্যের ধ্বংসকরণ;

(ঞ) সেবা মান; এবং

(ট) স্টেকহোল্ডারগণের অভিমত ও সন্তুষ্টি।

(৪) অডিট বা মূল্যায়নে অনিয়ম ধরা পড়িলে কমিটি সংশ্লিষ্ট কমিশনার বরাবর প্রতিবেদন দাখিল করিবে, এবং কমিশনার বিধি ১৭ অনুসারে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন।

১৫। এসিওএস এর লাইসেন্স স্থগিত/বাতিল এবং জরিমানা আরোপ ও আপিল পদ্ধতি।- (১) এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘন করা হইলে সংশ্লিষ্ট কমিশনার এসিওএস কর্তৃপক্ষকে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর লিখিত নোটিশ প্রদান করিয়া এবং শুনানির সুযোগ প্রদান করতঃ এসিওএস কর্তৃপক্ষকে লাইসেন্স বাতিলসহ অন্যূন ২ (দুই) লক্ষ টাকা অর্থদন্ড আরোপ করিতে পারিবেন।

(২) আইন, সংশ্লিষ্ট অন্যান্য বিধি-বিধান এবং সরকার বা, ক্ষেত্রমত, বোর্ড কর্তৃক প্রদত্ত অন্যান্য নির্দেশনা বা আদেশ লঙ্ঘন করিলে সংশ্লিষ্ট কমিশনার উক্ত লাইসেন্স/অনুমোদন স্থগিত/বাতিল করিতে পারিবেন এবং নিরাপত্তা জামানতও বাজেয়াপ্ত করিতে পারিবেন, তবে চূড়ান্তভাবে বাতিলের ক্ষেত্রে বোর্ডের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) যাহা কিছুই থাকুক না কেন, সংশ্লিষ্ট কমিশনার বিশেষ বিবেচনায় যেখানে দ্রুত ব্যবস্থা গ্রহণ জরুরি, কিংবা গুরুতর কোনো অভিযোগের তদন্ত চলমান রহিয়াছে, এইরূপ ক্ষেত্রে এসিওএস এর লাইসেন্স/অনুমোদন সাময়িক বাতিল/স্থগিত করতঃ আইনগত কার্যধারা শুরু করিবেন।

(৪) এই বিধিমালার অধীন লাইসেন্স প্রদানকারী কর্তৃক গৃহীত কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে কেউ সংক্ষুব্ধ হইলে উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আইনের ধারা ২২৬ মোতাবেক কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনালে আপিল করিতে পারিবেন।

Downloaded from www.taxvatpoint.com

১৬। ইলেকট্রনিক পদ্ধতির ব্যবহার।- এই বিধিমালার আওতাধীন যেকোনো কার্যক্রম বোর্ডের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় শর্ত ও সীমাবদ্ধতাসহ যথাসম্ভব ইলেকট্রনিক মাধ্যমে সম্পন্ন করিতে হইবে।

১৭। আদেশ জারি করিবার ক্ষমতা।- সংশ্লিষ্ট কমিশনার এই বিধিমালা বাস্তবায়ন এবং প্রয়োজনীয় কার্যপ্রণালী (Standard Operating Procedure) নির্ধারণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে আদেশ জারি করিতে পারিবেন।

পরিশিষ্ট-ক

[বিধি ৬ দ্রষ্টব্য]

প্রাপক:
কমিশনার
---------- (ঠিকানা)।

বিষয়: "**এয়ার কার্গো অপারেটর'স স্টেশন (এসিওএস) বিধিমালা, ২০২৬" এর আওতায় লাইসেন্স অনুমোদন/নবায়ন আবেদনপত্র।**

মহোদয়,
আমি/আমরা নিম্নোক্ত তথ্যাদি প্রদানপূর্বক উপরোক্ত বিধিমালার আওতায় এয়ার কার্গো অপারেটর'স স্টেশন (এসিওএস) হিসেবে অনুমোদন/নবায়নের জন্য আবেদন করছি:

১. আবেদনকারীর নাম ও পূর্ণ ঠিকানা:
(ক) আবেদনকারীর নাম (বাংলায়): ----------, (ইংরেজিতে): ----------
(খ) পূর্ণ ঠিকানা (রেজিস্টার্ড অফিস/ হেড অফিস): ----------
(গ) টেলিফোন নম্বর: ----------
(ঘ) ফ্যাক্স নম্বর: ----------
(ঙ) ই-মেইল ঠিকানা: ----------
(চ) পরিচালক/ পার্টনার (গণ) এর নাম ও ঠিকানা: ----------

২. আবেদনকারীর প্রকৃতি:
(ক) পাবলিক লিমিটেড কোম্পানি
(খ) প্রাইভেট লিমিটেড কোম্পানি
(গ) এক ব্যক্তি কোম্পানি
(ঘ) পার্টনারশিপ
(ব) অন্যান্য (উল্লেখ করুন)
[সার্টিফিকেট অফ ইনকর্পোরেশন, আর্টিকেল অফ এসোসিয়েশন এবং মেমরেন্ডাম (কোম্পানির ক্ষেত্রে) আবেদনের সাথে দাখিল করিতে হইবে]

৩. প্রস্তাবিত স্থাপনার বিবরণ: আনলোডিং/লোডিং এলাকা, অপারেশনাল এলাকা, স্ট্যাকিং এলাকা, সংরক্ষণ এলাকা, কাস্টমস অফিস, ইউজার এজেন্সির স্থান ইত্যাদির বিস্তারিত অবস্থান উল্লেখ সহকারে লে-আউট প্ল্যান সংযুক্ত করিতে হইবে।

৪. বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের অনুমোদন পত্র;

Downloaded from www.taxvatpoint.com

৫. প্রস্তাবিত প্রাঙ্গনের কার্গো/কনটেইনার হ্যান্ডলিং সক্ষমতা;

৬. অবকাঠামো ও যন্ত্রপাতির বিবরণ (লোডিং/আনলোডিং, স্ট্যাকিং, কনসলিডেটিং, ডি-কনসলিডেটিং, স্টাফিং, আন-স্টাফিং, সংরক্ষণ ও ডেলিভারি সংক্রান্ত);

৭. নিরাপত্তা ব্যবস্থার বিবরণ (বাউন্ডারি ওয়াল, এন্ট্রি, এক্সিট গেইট, কার্গো প্রবেশ/বহির্গমন, CCTV, নিরাপত্তা টাওয়ার ইত্যাদি);

৮. NII (স্ক্যানার) ও অন্যান্য যন্ত্রপাতির বিবরণ;

৯. কম্পিউটারাইজড সিস্টেম সংক্রান্ত বিবরণ;

১০. আবেদনকারী ইতঃপূর্বে কখনো এয়ার কার্গো অপারেটর'স স্টেশন (এসিওএস) হিসেবে আবেদন করিয়া প্রত্যখ্যাত হইয়াছে কিনা (হইয়া থাকিলে তাহার বিবরণ);

১১. আবেদনকারী কোনো আইনে (The Customs Act, 1969/কাস্টমস আইন, ২০২৩/অন্যান্য আইন) দন্ডিত/অভিযুক্ত হয়েছেন কি?

১২. নবায়ন আবেদন হইলে, পূর্বের অনুমোদন/নবায়নের তারিখ উল্লেখ করুন:

১৩. ঘোষণা:

আমি/আমরা ঘোষণা প্রদানের জন্য আইনানুগভাবে ক্ষমতাপ্রাপ্ত; এবং প্রদত্ত তথ্য ও দলিলাদি সম্পূর্ণ সত্য। প্রদত্ত তথ্যের কোনোরূপ পরিবর্তন হইলে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অবহিত করিবো।

আমি/আমরা এসংক্রান্ত বিধিমালা সম্পূর্ণ পড়িয়াছি এবং তাহা পালনে অঙ্গীকারবদ্ধ, এবং প্রদত্ত তথ্যে কোনো ভুল/অসঙ্গতি পাইলে তাহার দায়-দায়িত্ব আমরা বহন করিবো।

তারিখ: ----------
স্বাক্ষর: ----------
আবেদনকারী/অধিকৃত স্বাক্ষরকারী
স্থান: ----------

পরিশিষ্ট-খ

[বিধি ৬ দ্রষ্টব্য]

এসিওএস -কে ওয়্যারহাউস হিসেবে ঘোষণা এবং উহা স্থাপনের অনুমোদন প্রদানের জন্য প্রয়োজনীয় দলিল/প্রমাণক:

অনুচ্ছেদ-ক	ওয়্যারহাউস ঘোষণা ও এসিওএস স্থাপনের প্রাথমিক অনুমোদনের জন্য আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে:		
১।	আবেদনকারীর নাম ও ঠিকানা	:	
২।	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	:	
৩।	এসিওএস স্থাপনের জন্য প্রস্তাবিত স্থান (মৌজা, খতিয়ান ও দাগ নম্বর উল্লেখ করিতে হইবে)	:	
৪।	জায়গার পরিমাণ	:	
৫।	স্থান নির্ধারণের যৌক্তিকতা	:	

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

৬।	নিজস্ব/ক্রয়কৃত/ভাড়া (লিজ) জমি (দলিলের সত্যায়িত কপি দাখিল করিতে হইবে)	:	
৭।	নিকটবর্তী মহাসড়ক/রেলওয়ে স্টেশন/সমুদ্র/স্থলবন্দর/বিমান বন্দর হইতে প্রস্তাবিত এসিওএস এর দূরত্ব (উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে)	:	
৮।	প্রস্তাবিত এসিওএস এর আগামী ৫ বৎসরে কার্গো হ্যান্ডলিংতব্য মালামালের অভিক্ষেপন (forecast) [মেট্রিক টন]	:	
৯।	প্রতিষ্ঠানটি কর্তৃক বিগত ৫ (পাঁচ) বৎসরে হ্যান্ডলিংকৃত আমদানিকৃত পণ্যের পরিমাণ [মেট্রিক টন]	:	
১০।	প্রতিষ্ঠানটি কর্তৃক বিগত ৫ (পাঁচ) বৎসরে হ্যান্ডলিংকৃত রপ্তানিকৃত পণ্যের পরিমাণ [মেট্রিক টন]	:	
১১।	প্রস্তাবিত প্রকল্পের প্রাক্কালিত ব্যয় ও মেয়াদ (বাস্তবায়ন ও পরিচালনা)	:	
১২।	আবেদনকারী প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা (ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, টিআইএনসহ বিগত ৩ (তিন) বৎসরে আয়কর রিটার্ন)	:	
১৩।	কাস্টমস কর্তৃক নির্ধারিত আবেদন ফি জমা রশিদ	:	
১৪।	ওয়্যারহাউসের 3D/স্থাপত্য নকশা		
অনুচ্ছেদ-খ	**জাতীয় রাজস্ব বোর্ডের চূড়ান্ত অনুমোদনের জন্য অনুচ্ছেদ-ক এ উল্লিখিত দলিলাদিসহ নিম্নবর্ণিত দলিলাদি প্রতিবেদনের সহিত দাখিল করিতে হইবে:**		
১।	অবকাঠামোগত সুবিধাদির বিবরণ (নিজস্ব ও কাস্টমস কর্তৃপক্ষের জন্য অফিস, এজেন্টদের জন্য অফিস, ইয়ার্ড, বাউন্ডারি ওয়াল, গেইট ও গেইট হাউজ, ব্যারাক, নিরাপত্তা টাওয়ার, ওজনের জন্য সুবিধাদি, কার্গো স্ক্যানিং সুবিধা, সিসিটিভি ক্যামেরা সুবিধা, লাইটিং ব্যবস্থা, ফায়ারফাইটিং ইক্যুইপমেন্ট, রিফার প্লাগ পয়েন্ট, কেবিন, টয়লেট, খাবার পানি ইত্যাদি সুবিধাসহ অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদি)	:	
২।	যন্ত্রপাতির বিবরণী (কার্গো হ্যান্ডেলিং এর জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা)	:	
৩।	এসিওএস পরিচালনার জন্য প্রস্তাবিত ট্যারিফ সিডিউল	:	
৪।	এসিওএস পরিচালনার জন্য প্রতিষ্ঠানের দীর্ঘ মেয়াদি পরিকল্পনা	:	
৫।	Foreign Exchange Regulation Act, 1947 অনুযায়ী বাংলাদেশ ব্যাংক এর অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)	:	
৬।	পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র	:	
৭।	ট্রেড লাইসেন্স, মূসক সনদ	:	
৮।	ফায়ার লাইসেন্স	:	
৯।	আবেদন পত্রের সাথে উপযুক্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত সম্ভাব্যতা যাচাই/সমীক্ষার প্রতিবেদন (ফিজিবিলিটি রিপোর্ট)	:	

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

১০।	কোম্পানির মেমোরান্ডাম (প্রযোজ্য ক্ষেত্রে)	:	
১১।	আবেদনপত্র ফরমে উল্লিখিত অন্যান্য চাহিদার /প্রমাণপত্র দলিলাদি	:	
১২।	অন্যান্য দলিলাদি (সংশ্লিষ্ট কমিশনারের চাহিদা মোতাবেক)	:	

পরিশিষ্ট-গ

[বিধি ৬ দ্রষ্টব্য]

প্রস্তাবিত ওয়্যারহাউস ও যন্ত্রপাতি পরিদর্শন কমিটি:

(১)	অতিরিক্ত কমিশনার/যুগ্ম কমিশনার (সংশ্লিষ্ট কাস্টমস হাউস/ভ্যাট কমিশনারেট)	**আহ্বায়ক**
(২)	উপ/সহকারী পরিচালক (কাস্টমস, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর)	**সদস্য**
(৩)	বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রতিনিধি (অন্যূন সহকারী পরিচালক)	**সদস্য**
(৪)	ফায়ার সার্ভিসের প্রতিনিধি (অন্যূন সহকারী পরিচালক)	**সদস্য**
(৫)	উপ/সহকারী কমিশনার (সংশ্লিষ্ট কাস্টমস হাউস/ভ্যাট কমিশনারেট)	**সদস্য সচিব**

পরিশিষ্ট-ঘ

[বিধি ১৪ দ্রষ্টব্য]

এসিওএস এর কার্যক্রম মূল্যায়ন কমিটি:

(১)	এসিওএস এর দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত কমিশনার/যুগ্ম কমিশনার, (সংশ্লিষ্ট কাস্টমস হাউস/কমিশনারেট)	**আহবায়ক**
(২)	যুগ্ম কমিশনার (যে কোনো কাস্টমস দপ্তর)	**সদস্য**
(৩)	কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর (অন্যূন সহকারী পরিচালক)	**সদস্য**
(৪)	বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের উপযুক্ত প্রতিনিধি ((অন্যূন সহকারী পরিচালক)	**সদস্য**
(৫)	এফবিসিসিআই এর একজন মনোনীত প্রতিনিধি	**সদস্য**
(৬)	এসিওএস এর দায়িত্বপ্রাপ্ত সহকারী/উপ-কমিশনার	**সদস্য সচিব**

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব।

Downloaded from www.taxvatpoint.com